

কৃষি সমূহ



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৮৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

পরিকল্পনা বিভাগ

www.badc.gov.bd

জাতীয় শুকাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নেতৃত্বে কমিটির ১ম কোয়ার্টারের (জুলাই ২০২২-সেপ্টেম্বর ২০২২) সভার কার্যবিবরণী

সভাপতি	জনাব এ এফ এম হায়াতুল্লাহ, চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি।
তারিখ ও সময়	১৪ সেপ্টেম্বর ২০২২, বেলা ১২:০০ ঘটিকা।
স্থান	Zoom Cloud Platform (Online Meeting)।
সভায় সংযুক্ত	বিএডিসি'র উইং ও বিভাগীয় প্রধানগণ, বিভাগীয় নেতৃত্বে কমিটির আহবায়কগণ।

সভায় Zoom Cloud Platform (Online Meeting) এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচি-১ অনুযায়ী বিগত ২১ জুন ২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন প্রস্তাব না থাকায় উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে প্রধান, পরিকল্পনা ও বিএডিসি'র শুকাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ফেরদৌস রহমান সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি-২ অনুযায়ী বিগত ২১ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুকাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নেতৃত্বে কমিটির ৪র্থ কোয়ার্টারের সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও ২০২২-২৩ অর্থ বছরের শুকাচার কৌশল অনুযায়ী ১ম প্রাপ্তিকের অগ্রগতি ধারাবাহিকভাবে আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	নেতৃত্বে কর্মসূচি-১ অনুযায়ী সভার আয়োজন	সভাকে অবহিত করা হয় যে, বিগত ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টারে জাতীয় শুকাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নেতৃত্বে কমিটির সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করা হয়েছে এবং চলতি অর্থবছরের প্রতি কোয়ার্টারের নির্ধারিত সভা যথাসময়ে আয়োজন করা হবে।	প্রতি কোয়ার্টারে জাতীয় শুকাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নেতৃত্বে কমিটির সভা কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিকল্পনা বিভাগ, বিএডিসি।
২.২	নেতৃত্বে কর্মসূচি-২ অনুযায়ী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাকে জানানো হয় যে, ইতোপূর্বে নেতৃত্বে কর্মসূচি-২ অনুযায়ী সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে এবং ২০২২-২৩ অর্থ বছরের সভায় যেসকল সিদ্ধান্ত গৃহীত হবে সেসকল সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হবে।	নেতৃত্বে কর্মসূচি-২ অনুযায়ী সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট উইং/বিভাগীয় প্রধান, বিএডিসি।
২.৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	এ বিষয়ে আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে কর্মপরিকল্পনা মোতাবেক প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করা হয়। ২০২২-২৩ অর্থ বছরের ১ম প্রাপ্তিকের	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে কর্মপরিকল্পনা মোতাবেক প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিকল্পনা বিভাগ, বিএডিসি।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিক্তি	বাস্তবায়নকারী
		সভা ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ আয়োজন করা হয়েছে।		
২.৪	শুঙ্কাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	শুঁম্পরিচালক (নিয়োগ ও কল্যাণ) সভাকে অবহিত করেন যে, শুঙ্কাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী যথাসময়ে শুঙ্কাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২০২২-২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি প্রাপ্তিকে শুঙ্কাচার সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে এতদসংক্রান্ত প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে।	শুঙ্কাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী যথাসময়ে শুঙ্কাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত প্রতিবেদন প্রতিপ্রাপ্তিকে পরিকল্পনা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, বিএডিসি।
২.৫	কর্ম-পরিবেশ উন্নয়ন ১) স্বাস্থ্যবিধি অনুসরণ ২) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ ৩) বিএডিসি'র কৃষি ভবনের (সদর দপ্তর) সৌন্দর্যবর্ধন।	সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা সূচক অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়নের নিমিত্ত স্বাস্থ্যবিধি অনুসরণ, টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ ও কৃষি ভবন (সদর দপ্তর)সহ বিএডিসি'র মাঠ পর্যায়ের সকল দপ্তরে সৌন্দর্যবর্ধনের কাজ যথাসময়ে সম্পন্ন করা হয়েছে।	নিষ্পত্তি	
২.৬	জাতীয় শুঙ্কাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	সভাকে অবহিত করা হয় যে, জাতীয় শুঙ্কাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ও বিএডিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়াও ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুঙ্কাচার কৌশল কর্মপরিকল্পনা ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	নিষ্পত্তি	
২.৭	বিএডিসি'র আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুঙ্কাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	ক) সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বিএডিসি'র আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুঙ্কাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করা হয়েছে। সভায় ২০২২-২৩ অর্থ বছরের বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনা বাস্তবায়নের ১ম প্রাপ্তিকের অগ্রগতি ০৫ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় নেতৃত্বাত্মক কমিটিকে পরিকল্পনা বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। শুঙ্কাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় বিএডিসি'র মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয়	২০২২-২৩ অর্থ বছরের বিএডিসি'র মাঠ পর্যায়ের নেতৃত্বাত্মক কমিটি কর্তৃক প্রণীত শুঙ্কাচার কর্মপরিকল্পনা'র ১ম প্রাপ্তিকের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন ০৫ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। উক্ত প্রতিবেদনের ওপর ২য় প্রাপ্তিকে ফিডব্যাক সভা আয়োজন করতে হবে।	বিএডিসি'র মাঠপর্যায়ের ০৮(আট)টি বিভাগীয় নেতৃত্বাত্মক কমিটি ও শুঙ্কাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএডিসি।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ২য় প্রাণ্তিকে ফিডব্যাক সভা আয়োজন করা হবে।		
২.৮	শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ	সভাকে অবহিত করা হয় যে, কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা নিয়োগ ও কল্যাণ বিভাগের স্মারক নং ৩৮৬; তারিখ: ২৭ জুন ২০২২ মোতাবেক বিএডিসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	নিষ্পত্তি	
২.৯	২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (উন্নয়ন ও রাজ্যস্থাতে) ওয়েবসাইটে প্রকাশ	সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়াও ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	বিএডিসি'র উন্নয়ন ও রাজ্যস্থাতের সকল অনুমোদিত ক্রয় পরিকল্পনা বিএডিসি'র ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। অনুমোদিত ক্রয় পরিকল্পনা মোতাবেক পিপিআর ২০০৮ এবং আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে।	সকল উইং/বিভাগীয় প্রধান, বিএডিসি।
২.১০	প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	প্রধান (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন করা হবে।	কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন সম্পন্ন করতে হবে।	পরিকল্পনা বিভাগ, বিএডিসি।
২.১১	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	এ বিষয়ে মনিটরিং বিভাগ সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রয়েছে এবং এ বিষয়ে নিয়মিত অঞ্গতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।	কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অঞ্গতির সম্বলিত প্রতিবেদন যথাসময়ে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	মনিটরিং বিভাগ, বিএডিসি।
২.১২	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	এ বিষয়ে আলোচনাকালে পরিকল্পনা বিভাগ হতে সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত ০৬(ছয়)টি প্রকল্প সমাপ্ত হয় এবং উক্ত প্রকল্পসমূহের পরিচালকগণ বরাবর প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা) সভাকে অবহিত করেন যে, সমাপ্ত প্রকল্পসমূহের সম্পদ হস্তান্তর (বরাদ্দ/পুনঃবরাদ্দ) সংক্রান্ত	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর সংক্রান্ত প্রতিবেদন সাধারণ পরিচর্যা বিভাগ হতে পরিকল্পনা বিভাগে সুনির্দিষ্ট তারিখ ও প্রমাণকসহ প্রেরণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ বিএডিসি।


ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		প্রতিবেদন এপ্টাইকের মধ্যেই পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে।		
২.১৩	কৃষকের জমিতে সেচের পানি বন্টনে ন্যায্যমূল্য নিশ্চিতকরণ	সভাকে অবহিত করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ (সংশোধন) এর কার্যক্রম ৩.১ অনুযায়ী কৃষকের জমিতে সেচের পানি বন্টনের ক্ষেত্রে সরকার/বিএডিসি কর্তৃক নির্ধারিত সেচ চার্জ অনুযায়ী সেচ সেবা প্রদান করা হচ্ছে কীনা তা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন করা হয় এবং উক্ত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।	নিষ্পত্তি	
২.১৪	বীজ বিতরণে স্বচ্ছতা আনয়ন	সভাকে সংস্থাপন বিভাগ হতে জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ (সংশোধিত) এর কার্যক্রম ৩.২ অনুযায়ী বীজ বিতরণের ক্ষেত্রে সরকার/বিএডিসি কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করা হচ্ছে কী না তা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন করা হয় এবং উক্ত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান বরাবর পত্র প্রেরণ করা হয়।	নিষ্পত্তি	
২.১৫	দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ	নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে জানানো হয় যে, ২০২১-২২ অর্থ বছরে দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং বাজেটপ্রাপ্তি অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরেও এবিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহন করা হবে।	কর্মপরিকল্পনা অনুযায়ী দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, বিএডিসি।
২.১৬	নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও মনিটরিং	সাধারণ পরিচর্যা বিভাগ এবিষয়ে সভাকে অবহিত করেন যে, নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও হালনাগাদ কার্যক্রম অব্যাহত রয়েছে।	নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও হালনাগাদ অব্যাহত রাখতে হবে এবং এ বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি।

~~~~~ ✓

| ক্রঃনং | আলোচ্য বিষয়                                                                                                                    | আলোচনা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                | গৃহীত সিদ্ধান্ত                                                                                                                                                                                                                                                           | বাস্তবায়নকারী                                                          |
|--------|---------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------|
| ২.১৭   | সার বিতরণে<br>স্বচ্ছতা আনয়ন                                                                                                    | সংস্থাপন বিভাগ হতে জানানো হয় যে, জাতীয় শুকাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ (সংশোধন) এর কার্যক্রম ৩.৫ অনুযায়ী সার বিতরণের ক্ষেত্রে সরকার/বিএডিসি কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করা হচ্ছে কী না তা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন করা হয় এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে কার্যক্রম গ্রহণ করার জন্য সুপরিশ সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে।                                                                                                                                                                                                                                                                                                                                                                        | নিষ্পত্তি                                                                                                                                                                                                                                                                 |                                                                         |
| ২.১৮   | বিএডিসি'র মাঠ<br>পর্যায়ের ০৮ (আট)<br>টি বিভাগীয়<br>নেতৃত্বকৃত কমিটিকে<br>প্রশিক্ষণ ও পুরস্কার<br>খাতে বাজেট বরাদ্দ<br>প্রদান। | মহাব্যবস্থাপক অর্থ এবিষয়ে সভাকে অবহিত করেন যে, এই খাতে চলতি অর্থ বছরে ০২(দুই) লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মাঠপর্যায়ের চাহিদা পাওয়া গেলে এ বিষয়ে বরাদ্দ বৃদ্ধি করা যেতে পারে। সদস্য পরিচালক (অর্থ) এ বিষয়ে একটি সভা আহবানপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করার জন্য নিয়োগ ও কল্যাণ বিভাগ এবং অর্থ বিভাগ'কে নির্দেশনা প্রদান করেন।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             | বিএডিসি'র মাঠ পর্যায়ের ০৮ (আট) টি বিভাগীয় নেতৃত্বকৃত কমিটির চাহিদা মোতাবেক মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনায় নির্ধারিত প্রশিক্ষণ ও পুরস্কার খাতে বাজেট বরাদ্দ প্রদানের বিষয়ে মহাব্যবস্থাপক (অর্থ) ও যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অর্থ বিভাগ/ নিয়োগ<br>ও কল্যাণ বিভাগ,<br>বিএডিসি।                       |
| ২.১৯   | সরকারি<br>যানবাহনের যথাযথ<br>ব্যবহার<br>নিশ্চিতকরণ                                                                              | সভাকে জানানো হয় যে, মন্ত্রিপরিষদ কর্তৃক জারীকৃত নির্দেশনা ও শুকাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.১ অনুযায়ী যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক নিশ্চিত করতে হবে। বিএডিসি'র টিওএন্টাইঙ্কুত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা এ সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যয়নপত্র সাধারণ পরিচর্যা বিভাগ বরাবর দাখিল করবেন এবং সাধারণ পরিচর্যা বিভাগের বিভাগীয় প্রধান প্রত্যয়ন পত্র প্রতিস্বাক্ষর করবেন। প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন পত্র অর্থ বছর শেষে শুকাচার কর্মপরিকল্পনার চূড়ান্ত প্রতিবেদনের সাথে প্রমাণক হিসেবে দাখিল করতে হবে। এ বিষয়ে সাধারণ পরিচর্যা বিভাগ অগ্রণ্যত প্রতিবেদন পরিকল্পনা বিভাগে দাখিল করবেন। | সরকারি যানবাহনের যথাযথ<br>ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত<br>প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের<br>নিমিত্ত প্রতি পান্তিকে সাধারণ<br>পরিচর্যা বিভাগ হতে<br>যথাযথময়ে পরিকল্পনা বিভাগে<br>প্রেরণ করতে হবে।                                                                        | সকল<br>উইং/বিভাগীয়<br>প্রধান এবং সাধারণ<br>পরিচর্যা বিভাগ,<br>বিএডিসি। |
| ২.২০   | তথ্য অধিকার আইন<br>সম্পর্কে প্রশিক্ষণ                                                                                           | এ বিষয়ে সভায় আলোচনা হয় যে, শুকাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.২ অনুযায়ী                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 | বিএডিসি'র শুকাচার কৌশল<br>২০২২-২৩ এর সূচক ৩.২<br>অনুযায়ী প্রতি পান্তিকে তথ্য                                                                                                                                                                                             | নিয়োগ ও কল্যাণ<br>বিভাগ, বিএডিসি।                                      |

| ক্রঃনং | আলোচ্য বিষয়                                                                                              | আলোচনা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     | গৃহীত সিদ্ধান্ত                                                                                                                                                                                                                                                                                        | বাস্তবায়নকারী                                 |
|--------|-----------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------|
|        |                                                                                                           | প্রতি পাস্টিকে ৩০ জনকে নিয়ে মোট ০৪ টি প্রাস্টিকে ১২০ জন কর্মকর্তা/কর্মচারীকে তথ্য অধিকার আইন বিষয়ক অনলাইন/অফলাইন প্রশিক্ষণ প্রদান করার জন্য নির্দেশনা রয়েছে। যুগ্মপরিচালক (সংস্থাগন) সভাকে অবহিত করেন যে, ১ম প্রাস্টিকের প্রশিক্ষণ যথাসময়ে সম্পাদন করা হবে এবং এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে।                                                                                                                 | অধিকার আইন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং এ বিষয়ে প্রতি প্রাস্টিকের অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) যথাসময়ের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে।                                                                                                                                            |                                                |
| ২.২১   | অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্রয়োজনীয় ব্যবহার প্রতিরোধে গঠিত কমিটি কর্তৃক পরিবীক্ষণ ও পরিদর্শন | শুকাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.৩ অনুযায়ী প্রধান প্রকৌশলী (নির্মাণ) কর্তৃক অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্রয়োজনীয় ব্যবহার প্রতিরোধে কমিটি গঠন করে পরিবীক্ষণ করার জন্য নির্দেশনা রয়েছে। উক্ত কমিটি কর্তৃক প্রতি প্রাস্টিকে এবিষয়ে পরিদর্শনপূর্বক এতদবিষয়ক পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান, বিএডিসি'র মাধ্যমে পরিকল্পনা বিভাগ বরাবর দাখিল করবেন। এ বিষয়ে ১ম প্রাস্টিকের অগ্রগতি প্রধান প্রকৌশলী (নির্মাণ) সভাকে অবহিত করতে পারেন। | বিএডিসি'র শুকাচার কৌশল ২০২২-২৩ এর সূচক ৩.২ অনুযায়ী প্রতি প্রাস্টিকে অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্রয়োজনীয় ব্যবহার প্রতিরোধে গঠিত কমিটি কর্তৃক পরিবীক্ষণ ও পরিদর্শন করতে হবে এবং এ বিষয়ে প্রতি প্রাস্টিকের অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) যথাসময়ের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। | নির্মাণ বিভাগ, বিএডিসি।                        |
| ২.২২   | বিএডিসি'র উদ্যান উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন                                                        | সভাকে অবহিত করা হয় যে, বিএডিসি'র উদ্যান উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা বিভাগের স্মারক নং ১২.০৬.০০০০.২১৮.১৪.০০৩.১৮- ১৩৬; তারিখ: ১৬ আগস্ট ২০২২ অনুযায়ী তিন সদস্য বিশিষ্ট একটি পরিদর্শন টিম গঠন করা হয়েছে। পরিদর্শন টিম প্রতি প্রাস্টিকে ১টি করে চলতি অর্থ বছরে মোট ০৫টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।                                                                                                                     | বিএডিসি'র উদ্যান উন্নয়ন কার্যক্রম পরিদর্শনপূর্বক পরিদর্শন টিমকে প্রতি প্রাস্টিকে ০১ (এক)টি করে চলতি অর্থ বছরে মোট ০৫টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।                                                                                                                                             | সংশ্লিষ্ট টিম ও উদ্যান উন্নয়ন বিভাগ, বিএডিসি। |

পরিশেষে বিবিধ আলোচ্যসূচি-৩ অনুযায়ী আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।



(এ এফ এম হায়াতুল্লাহ)  
চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি

ও

সভাপতি

জাতীয় শুকাচার কৌশল বাস্তবায়ন  
সম্পর্কিত নৈতিকতা কমিটি।